



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা
www.atpara.netrakona.gov.bd



বিষয়: মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন মুক্ত আটপাড়া উপজেলা ঘোষণা করার লক্ষ্যে যৌথ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ শাকিল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
সভার তারিখ ও সময় : ২৮ ফেব্রুয়ারি ২০২৩; বেলা: ১১.০০ টা।
সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম।

সভায় উপস্থিতি: পরিশিষ্ট- 'ক' (কমিটি'র সদস্যগণের নাম ও স্বাক্ষর সম্বলিত তালিকা)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, উপজেলার গণ্যমান্য ব্যক্তিবর্গ, সাংবাদিক, শিক্ষক সহ বিভিন্ন শ্রেণি পেশার লোকজন অংশ গ্রহণ করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় এবং আলোচ্য সূচি মোতাবেক উপজেলা টার্কফোর্স কমিটি কর্তৃক হালনাগাদ নিরুপিত তালিকামতে ভূমিহীন-গৃহহীন মুক্ত আটপাড়া উপজেলা ঘোষণা করার বিষয়ে উপস্থিত সকলের মতামত আহ্বান করা হয়।

সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব এস.এম মেশকাতুল ইসলাম আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় এ উপজেলায় ১ম পর্যায়ের ৯৮ টি, ২য় পর্যায়ের ৫০ টি, ৩য় পর্যায়ের ১ম ধাপে ২০ টি ও ২য় ধাপে ২০ টি এবং ৪র্থ পর্যায়ের ১ম ধাপে ৭৫ টি ও ২য় ধাপে ১৪ টি সর্বমোট ২৭৭ টি গৃহ ভূমিহীন ও গৃহহীনদের মধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে। ভূমিহীন ও গৃহহীন মুক্ত করার সহযোগিতা করায় সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভায় সহকারী কমিশনার (ভূমি) জনাব মো: মোস্তাফিজুর রহমান জানান এ উপজেলার তালিকা ভুক্ত সকল ভূমিহীন ও গৃহহীনদের মধ্যে গৃহ প্রদানের মাধ্যমে পুনর্বাসন করা হয়েছে। এ মুহর্তে পুনর্বাসন যোগ্য আর কোন ভূমিহীন-গৃহহীন (ক-শ্রেণি) পরিবার নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।


শুনই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব রোকনউজ্জামান সভায় জানান, তার ইউনিয়নে “ক” শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবার নেই তবে “খ” শ্রেণির জমি আছে ঘর নাই এরূপ পরিবার রয়েছে। এ বিষয়ে অন্যান্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও তাদের ইউনিয়নে হালনাগাদ নিরুপিত তালিকা মতে ভূমিহীন-গৃহহীন (ক-শ্রেণি) পরিবার নেই মর্মে সভায় জানান। সভার অন্যান্য সম্মানিত সদস্যগণ ও এ মুহর্তে এ উপজেলায় হালনাগাদ নিরুপিত তালিকা মতে ভূমিহীন ও গৃহহীন (ক-শ্রেণি) পরিবার নেই মর্মে মতামত প্রকাশ করেন।

ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা সভায় জানান, আটপাড়া উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

[Signature]

সভার এ পর্যায়ে আটপাড়া উপজেলায় হালনাগাদ নিরুপিত তালিকা মতে ভূমিহীন-গৃহহীন (ক-শ্রেণি) পরিবার না থাকায় আটপাড়া উপজেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত (ক-শ্রেণি) ঘোষণা করা যায় কিনা এ বিষয়ে উপস্থিত সকলের মতামত আহ্বান করা হয়। আলোচনান্তে আটপাড়া উপজেলায় হালনাগাদ নিরুপিত তালিকা মতে ভূমিহীন-গৃহহীন (ক-শ্রেণি) পরিবার না থাকায় উপস্থিত সকলে এ উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত (ক-শ্রেণি) ঘোষণার জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের বরাবরে প্রস্তাব প্রেরণের মতামত ব্যক্ত করেন এবং সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ শাকিল আব্দুমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা যৌথ কমিটি
আটপাড়া, নেত্রকোণা।

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০০.৯৯.০১২.১৮- ২৮২

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:

অনুলিপিঃসদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, নেত্রকোণা।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
৪. উপজেলা কৃষি অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
৫. উপজেলা প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা।
৬. সাব-রেজিস্ট্রার, আটপাড়া, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান,ইউপি (সকল), আটপাড়া, নেত্রকোণা।
৮. অফি স্কপি।


(মোঃ মোস্তাফিজুর রহমান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা যৌথ কমিটি
আটপাড়া, নেত্রকোণা